

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১. ১৪৭

তারিখ: ৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

বিষয়: সাবেক মাঠসংগঠক মোছা: সোনিয়া আক্তার ও মোছা: সালমা বেগম এর দায়িত্বাধীন র্লকের দায়দেনা নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বিআরডিবি কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির আওতায় ঝালকাঠী জেলাধীন সদর উপজেলায় মোছা: সোনিয়া আক্তার ১৬/০৬/২০১৩ থেকে ২৮/০১/২০২৫ এবং মোছা: সালমা বেগম ১৪/০৯/২০১৪ থেকে ২৮/০১/২০২৫ তারিখ পর্যন্ত মাঠসংগঠক পদে কর্মরত ছিলেন। অত্র দপ্তরের থেকে জারিকৃত আদেশ মোতাবেক মাঠসংগঠকদ্বয়কে অন্যত্র বদলী করা হয়। তদপ্রেক্ষিতে উল্লিখিত মাঠসংগঠকদ্বয় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে এসে বদলী আদেশ পুন:বিবেচনার আবেদন করেন এবং লিখিতভাবে স্বীকারোক্তি প্রদান করেন যে, মাঠসংগঠক জনাব মোছা: সোনিয়া আক্তার ও মোছা: সালমা বেগম এর নিকট যথাক্রমে ৮.৩৬ লক্ষ টাকা ও ১৮.৯২ লক্ষ টাকা হস্তমজুদ রয়েছে। হস্তমজুদের টাকা আগামী ৩০/০৬/২০২৫ তারিখের মধ্যে জমা/পরিশোধ করবেন মর্মে উভয় মাঠ সংগঠক অঙ্গীকার করেছেন। মাঠসংগঠকদ্বয়ের নিজস্ব স্বীকারোক্তি ও পারিপার্শ্বিক অবস্থা পর্যালোচনা করে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রতীয়মান হয়েছে যে, উল্লিখিত মাঠসংগঠকদ্বয়ের দায়িত্বাধীন র্লকে আরো আত্মসাৎ রয়েছে।

এমতাবস্থায়, আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সাবেক মাঠসংগঠক মোছা: সোনিয়া আক্তার ও মোছা: সালমা বেগমের ঝালকাঠী সদর উপজেলায় কর্মকালীন সকল সমিতি সরেজমিনে যাচাইপূর্বক প্রকৃত দায়দেনার তথ্য নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ঝালকাঠী সদর, ঝালকাঠী

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১. পরিচালক (সরেজমিন) বিআরডিবি, ঢাকা
২. উপপরিচালক, বিআরডিবি, ঝালকাঠী
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), ঝালকাঠী সদর, ঝালকাঠী
৫. অফিস কপি।